গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-১ অধিশাখা)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০১১.১৫.১২১

তারিখঃ ২৯/০১/২০১৮

বিষয়ঃ শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করা সংক্রান্ত।

সূত্র: (ক) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র সংখ্যা ০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.১৮.০৮, তারিখ: ২২/০১/২০১৮(কপি সংযুক্ত)।
(খ) স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার পত্র নং ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১২.২০১৫.১৮২; তারিখ: ২৮/১১/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সূত্রস্থ পত্রদুটি এ সাথে প্রেরণ করা হলো। শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে গত ১৮/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় কমিটির সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯/০১/১৮
(মোঃ আবদুর রঊফ মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫১১৬০৩

বিতরণ:
মেয়র/প্রশাসক (সকল পৌরসভা)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর ও উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
০২। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
০৩। উপ পরিচালক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা:........................।
০৪। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৬। সিনিয়র সহকারী সচিব (পৌর-২),স্থানীয় সরকার বিভাগ।
০৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

G:\21december17\Letter.doc1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে অনুষ্ঠিত কেন্দ্রীয় কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব এন. এম. জিয়াউল আলম সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।
তারিখ	:	১৮ জানুয়ারি ২০১৮, বৃহস্পতিবার
সময়	:	সকাল ৯.৩০ ঘটিকা
সভার স্থান	:	মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ (ভবন নম্বর-২, কক্ষ নম্বর-২২)
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত সচিব (বিধি ও সেবা) সভার কার্যপত্র উপস্থাপন করেন। বাংলাদেশের জাতীয় সংগীত শুদ্ধভাবে গাওয়া এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে অনুষ্ঠেয় জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন মর্মে সভাপতি পুনরায় উল্লেখ করেন। সভাপতির অনুরোধের পরিপ্রেক্ষিতে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণ তাঁদের মতামত ও পরামর্শ ব্যক্ত করেন।

২.০। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

২.০১। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ১১-০১-২০১৮ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ তা নিয়মিত পরিবীক্ষণ করবে এবং মাঠ পর্যায়ে গৃহীত কাজের অগ্রগতি সভাপতি মহোদয়কে অবহিত করবে।

২.০২। শিল্পকলা একাডেমি হতে জাতীয় সংগীতের অনুমোদিত ভার্সন সংগ্রহ করে মন্ত্রিপরিষদ বিভাগ ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। উক্ত অনুমোদিত ভার্সন অনুসরণের জন্য সকলকে অবহিত করতে হবে।

২.০৩। তথ্য মন্ত্রণালয় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় জাতীয় সংগীত শুদ্ধভাবে গাওয়া ও প্রতিযোগিতার কর্মসূচিটি আরো ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা করবে।

২.০৪। জাতীয় সংগীত শুদ্ধভাবে পরিবেশন প্রতিযোগিতায় প্রতিটি স্তরে প্রতিটি দলে সদস্য সংখ্যা ১০(দশ) জন হবে।

২.০৫। উক্ত প্রতিযোগিতা আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ তাঁদের মাঠ পর্যায়ে দপ্তরসমূহকে অবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ তাদের মাঠ পর্যায়ে দপ্তরসমূহে গৃহীত কাজের অগ্রগতি পর্যবেক্ষণ করবে এবং অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

২.০৬। দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলেও যাতে শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া ও পরিবেশন প্রতিযোগিতার কর্মসূচিটি যথাযথভাবে পরিচালিত হয় সে বিষয় বিভাগীয় কমিশনারগণ নিশ্চিত করবেন।

২.০৭। কেন্দ্রীয় কমিটিতে জনপ্রশাসন মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, বিভাগীয় কমিশনার, ঢাকা এবং জেলা প্রশাসক, ঢাকা-কে সদস্য হিসাবে কো-অপ্ট করতে হবে।

২.০৮। উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের প্রতিটি স্তরের শ্রেষ্ঠ দলকে পুরস্কৃত করা হবে। প্রতিটি বিভাগ থেকে প্রতিটি স্তরের শ্রেষ্ঠ দল জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। জাতীয় পর্যায়ে প্রতিটি স্তরের একটি করে মোট তিনটি শ্রেষ্ঠ দলকে পুরস্কৃত করা হবে। প্রতিযোগিতার মান যাচাইয়ের জন্য প্রতিটি পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট কমিটি বিচারক নিয়োগ করবে।

২.০৯। ২৬ মার্চ ২০১৮ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম থেকে জাতীয় সংগীত পরিবেশনকালে সারা দেশ ও দেশের বাইরে যাতে একযোগে জাতীয় সংগীত গাওয়া হয় সে বিষয়টি সমন্বয়কপূর্বক পূর্বেই সকলকে জানিয়ে দিতে হবে।

২.১০। জাতীয় পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা অনুষ্ঠানের বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সকল দায়িত্ব পালন করবে। ২৬ মার্চ ২০১৮ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচির দায়িত্ব জেলা প্রশাসক, ঢাকা-কে প্রদান করা হয়।

২.১১। জাতীয় পর্যায়ের জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজনের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়:

১.	সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	–	আহ্বায়ক
২.	প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়)	–	সদস্য
৩.	প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহাপরিচালকের নিম্নে নয়)	–	সদস্য
৪.	প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়)		সদস্য
৫.	প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়)	–	সদস্য
৬.	প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়)	–	সদস্য
৭.	প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়)	–	সদস্য
৮.	প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়)	–	সদস্য
৯.	প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়)	–	সদস্য
১০.	প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়)	–	সদস্য
১১.	মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি	–	সদস্য
১২.	পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি	–	সদস্য

২.১২। জাতীয় পর্যায়ে সংগীত পরিবেশন প্রতিযোগিতা অনুষ্ঠানের সম্ভাব্য বাজেট সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় মন্ত্রিপরিষদ বিভাগে প্রদান করবেন।

২.১৩। জেলা প্রশাসক ঢাকা-কে বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ শিশু একাডেমির সাথে আলোচনান্তে ২৬ মার্চ ২০১৮ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সংগীত পরিবেশনার আয়োজনের সম্ভাব্য বাজেট অতি সত্বর মন্ত্রিপরিষদ বিভাগে প্রদান করবেন।

২.১৪। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক, ঢাকা-এর নিকট হতে সম্ভাব্য বাজেট চাহিদা প্রাপ্তির পর আয়োজনটির সফল বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসন, উপজেলা নির্বাহী অফিসার, বিভাগীয় কমিশনার ও মন্ত্রিপরিষদ বিভাগের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ অর্থ বিভাগকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করবে।

২.১৫। কেন্দ্রীয় কমিটির পরবর্তী সভা আগামী ০১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩:০০টায় মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে (ভবন নম্বর-২, কক্ষ মম্বর ২২) অনুষ্ঠিত হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১/২০১৮

(এন. এম. জিয়াউল আলম)
সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
সভাপতি, কেন্দ্রীয় কমিটি